

স্নাতক যুগ্ম বাৎসরিক পরীক্ষা, ২০১৭

বাংলা

(ঐচ্ছিক)

(চতুর্থ বাৎসরিক)

পাঠক্রম নং : BNGP-401

(আধুনিক বাংলা কবিতা)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) 'মেঘনাদবধ কাব্য'টি কোন্ ছন্দে রচিত? 'মেঘনাদবধ কাব্য' ছাড়া মধুসূদনের অন্য যে কোনো দুটি কাব্যের নাম লেখো। 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গটিকে কী নামে অভিহিত করা হয়েছে? 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গে অবলম্বনে সীতা ও সরমার চরিত্র-মাধুর্য বর্ণনা করো।

১+২+১+১০=১৪

অথবা

- (খ) মধুসূদনের জন্মসাল উল্লেখ করো। 'মেঘনাদবধ কাব্য' কত সালে প্রকাশিত হয়? প্রমীলা কে? 'উর্মিলাবিলাসী' বলতে কাকে বোঝানো হয়েছে? "গাইব, মা, বীররসে ডাসি, মহাগীত;"—এই প্রতিশ্রুতি দিয়ে মধুসূদন 'মেঘনাদবধ কাব্য' রচনা শুরু করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত কবি কী তাঁর প্রতিশ্রুতি রক্ষা করতে পেরেছিলেন? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

১+১+১+১+১০=১৪

- ২। (ক) ফরিয়াদ কথাটির অর্থ কী? 'ফরিয়াদ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? কবি এখানে কাদের বিরুদ্ধে, কার কাছে ফরিয়াদ জানিয়েছেন? তাঁর ফরিয়াদের কারণসমূহ আলোচনা করো।

১+১+২+১০=১৪

অথবা

- (খ) 'সঞ্চিতা' কাব্যসংকলনটি কবি কাকে উৎসর্গ করেন? 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত এবং কবিতাটি কত সালে রচিত হয়? 'বার্তাকু' শব্দের অর্থ কী? 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।

১+২+১+১০=১৪

- ৩। (ক) 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্যসংকলনটি কত সালে প্রকাশিত হয়? কবি অশোকবিজয় রায় কত খ্রিস্টাব্দে, কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর রচিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো। 'একটি সন্ধ্যা' কবিতাটির মূল ভাববস্তু বিশ্লেষণ করো।

১+২+১+১০=১৪

(3)

অথবা

(খ) 'ঈশানের পুঞ্জমেঘ' কোথাকার কবিদের রচিত কাব্যসংকলন? "যখন যেখানে থাকি জন্মভূমি তোমাকে ভুলি নে,"—পংক্তিটি কোন্ কবির, কোন্ কবিতার? কবি কোথায় জন্মগ্রহণ করেন? কবিতাটিতে কবির স্মৃতি-বিজড়িত শহরের যে বর্ণনা পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।

১+২+১+১০=১৪

৪। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এ রাবণের রাজসভার বর্ণনা

(খ) অমিত্রাক্ষর ছন্দ

(গ) নজরুলের কাব্যে মানবতাবাদ

(ঘ) দেবেন্দ্রকুমার পালচৌধুরী
